দৈনিক জনকণ্ঠ

তারিখ : 13 NOV 2017
পৃষ্ঠা : [illegible] কলাম : [illegible]

# ৩৫ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে স্বাধীনতা যুদ্ধের দলিল বিতরণ

**স্টাফ রিপোর্টার ॥** দেশের প্রায় ৩৫ হাজার শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যেই স্বাধীনতা যুদ্ধের দলিলপত্র ১৫ খণ্ড সেট বিতরণ করেছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর (মাউশি)। ২৬ হাজারেরও বেশি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপন করা হয়েছে মাল্টিমিডিয়া ক্লাসরুম। শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের ফলে শ্রেণীকক্ষে বেড়েছে শিক্ষার্থীর উপস্থিতি। কমেছে ঝরেপড়া শিক্ষার্থীর হার। এদিকে শিক্ষার্থীকে দেশপ্রেমিক হিসেবে গড়ে তোলার জন্য নৈতিক শিক্ষা প্রদান ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে দেয়া হয়েছে বিশেষ নির্দেশনা।

অধিদফতরের নেয়া উদ্যোগের বিষয়ে কথা বলে জানা গেছে, ঢাকা মহানগরীতে একটি প্রকল্পের মাধ্যমে ৬টি সরকারী কলেজ ও ১১টি সরকারী স্কুল স্থাপন করা হয়েছে। সিলেট, বরিশাল ও খুলনায় ৭টি সরকারী মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে। এছাড়া এক হাজার ৫০০ বেসরকারী কলেজে, একাডেমিক ভবন, কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। মাউশির পরিচালক (প্রশাসন) অধ্যাপক মোঃ শামসুল হুদা বলেছিলেন, শিক্ষার উন্নয়নে বেশ কিছু উদ্যোগ নেয়া হয়েছে যার ইতিবাচক ফল পাবে পুরো দেশ। তিনি তাদের সর্বশেষ আদেশ সম্পর্কে বলেন, নির্দেশ অনুসারে এখন থেকে প্রতিষ্ঠানে প্রত্যেক শিক্ষার্থীকে দেশপ্রেমিক ও নৈতিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলার জন্য নৈতিক শিক্ষা প্রদান ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে হবে। এছাড়া শ্রেণীকক্ষে ইংরেজী বিষয়ের ক্লাস ইংরেজীতেই পরিচালনা করতে হবে।